

অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন
শিল্প মন্ত্রণালয়

মাসের নাম: সেপ্টেম্বর/২০২২

মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম	বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	পূর্বের জের	মোট অভিযোগ (৩+৪)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬)	মন্তব্য (% সহ)
	পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে							
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
শিল্প মন্ত্রণালয়	০৩	০১	০৪	০৬	১০	০২	পরিশিষ্ট-ক	০৮	অনিষ্পন্ন অভিযোগ, নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)	-	-	-	০৪	০৪	-	-	০৪	ঐ
বাংলাদেশ চিনি ও স্বাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি)	-	-	-	-	-	-	-	-	-
বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)	-	-	-	০৫	০৫	০১	পরিশিষ্ট-ক	০৪	অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)	-	-	-	০৫	০৫	০১	পরিশিষ্ট-ক	০৪	ঐ
বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)	-	-	-	-	-	-	-	-	-
বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই)	-	০১	০১	-	০১	০১	পরিশিষ্ট-ক	-	-
বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)	-	-	-	-	-	-	-	-	-
বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)	-	-	-	-	-	-	-	-	-
ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)	-	-	-	-	-	-	-	-	-
পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডি)	০১	-	০১	-	০১	-	-	০১	অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়	-	-	-	-	-	-	-	-	-
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ)	-	-	-	-	-	-	-	-	-
মোট	০৪	০২	০৬	২০	২৬	০৫	-	২১	

১। শিল্প মন্ত্রণালয়:

- (ক) রাষ্ট্রীয়ত্ব কারখানা শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লি: এ দুর্নীতি এবং লুটপাট প্রসঙ্গে বিষয়ে অনলাইনে অজ্ঞাতনামা একটি অভিযোগ এসেছে যা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বিসিআইসি বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।
- (খ) আশুগঞ্জ সার কারখানায় কর্মরত নিরাপত্তা কর্মকর্তা মো: রিপন উদ্দিন এর বিরুদ্ধে গুরুতর অনিয়মের অভিযোগটি তদন্তে প্রমাণিত হয়েছে মর্মে নিষ্পত্তি করা হয়েছে এবং তদন্ত প্রতিবেদনের সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য পত্র দেয়া হয়েছে।

২। বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি):

- (ক) পঞ্চবটি হাউজিং কলোনীতে ৮০ টি সরকারী বাসা ভাড়া দেওয়া ও অবৈধ স্থাপনা সংক্রান্ত অভিযোগসমূহের প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটি কর্তৃক তদন্ত পূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে এবং তদন্ত প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করা হচ্ছে।

৩। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):

- (ক) জৈনক আতাহার হোসেন, পো:+থানা: পালং, জেলা: শরীয়তপুর কর্তৃক জনাব মোহাম্মদ মনির হোসেন, উপব্যবস্থাপক, বিসিক জেলা কার্যালয়, শরীয়তপুরের বিরুদ্ধে দুর্নীতি, অর্থ আত্মসাৎ, ক্ষমতার অপব্যবহার ও নিজের স্ত্রীর নামে ব্যবসা ও বিসিকের প্লট বরাদ্দ সংক্রান্ত অনিয়মের অভিযোগটি তদন্ত অপ্রমাণিত হওয়ায় অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

৪। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই):

- (ক) নাম প্রকাশে অনিচ্ছুক জৈনক ব্যক্তি অভিযোগ করেন যে, জুরাইন এলাকার কয়েকটি কারখানায় বিআরবি কেবলসসহ বেশ কিছু নামীদামি ব্র্যান্ডের নকল কেবল তৈরি হচ্ছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে বিএসটিআই'র উপপরিচালক (সিএম) ও জিআরএস ফোকাল পয়েন্টের নির্দেশনায় ফিল্ড অফিসার সরেজমিন তদন্ত করে অভিযোগের সত্যতা পায়। অতঃপর বিএসটিআই'র বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে জুরাইন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। অভিযানে ৪টি প্রতিষ্ঠান সিলগালাসহ ৭৫০০০ টাকা জরিমানা আদায় করা হয়।